PG Odd Semester (CBCS) Exam., December—2017

BENGALI

(3rd Semester)

Course No. : BNGCC–305

(সামাজিক ইতিহাসের পটে বিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। বঙ্গভঙ্গ প্রস্তাব কবে চূড়ান্তভাবে অনুমোদন লাভ করে? বঙ্গভঙ্গ কার্যকর হয় কবে? ''বঙ্গবিভাগ কার্জনের আকস্মিক খেয়াল নয়, দীর্ঘ-বিবেচনার ফসল।'' এই মন্তব্যের আলোকে বঙ্গভঙ্গের পরিপ্রেক্ষিত আলোচনা করো। ১+১+১২=১৪

২। বঙ্গভঙ্গ প্রস্তাবের মূল কারণগুলি কী কী? বঙ্গভঙ্গের রাজনৈতিক ও সামাজিক প্রতিক্রিয়ার স্বরূপ আলোচনা করো। ৪+১০=১৪

খ—গুচ্ছ

৩। 'পদাতিক' কাব্যগ্রন্থ কার রচনা? '১৯৪৫' নামক কবিতাটি কে লিখেছিলেন? দ্বিতীয় বিশ্বযুদ্ধ বাংলা কবিতায় কীভাবে ছায়া ফেলেছিল, উদাহরণ সহযোগে আলোচনা করো। ১+১+১২=১৪

৪। 'প্রগতি লেখক সংঘ' কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়? 'গণনাট্য সংঘ'-র প্রতিষ্ঠা সাল কত? ''দ্বিতীয় বিশ্বযুদ্ধর পরোক্ষ অভিঘাতের ফল 'নবান্ন' নাটক।'' পর্যালোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। এঙ্গেলস এর লেখা একটি গ্রন্থের নাম লেখো। সাম্যবাদী দর্শনের মূল ভাবনাটি সংক্ষেপে বর্ণনা করো। নজরুল ইসলাম এবং সুকান্ত ভট্টাচার্যের কবিতায় সাম্যবাদী ভাবনার প্রকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+৩+৫+৫=১৪

৬। 'কমিউনিস্ট ম্যানিফেস্টো'র প্রথম প্রকাশকাল উল্লেখ করো। সাহিত্য সাম্যবাদী ভাবনার প্রধান লক্ষণগুলি কী? অরুণ মিত্র এবং সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় সাম্যবাদী ভাবনা কীভাবে অভিব্যক্ত হয়েছে, সে বিষয়ে একটি নিবন্ধ প্রস্তুত করো। ১+৩+৫+৫=১৪

ঘ—গুচ্ছ

৭। 'স্বভূমি-চ্যুত সাহিত্য' (মাইগ্র্যান্ট লিটারেচার)-এর লক্ষণ কী কী? ভারতে মাইগ্র্যান্ট লিটারেচারের সম্ভাবনা কীভাবে স্পষ্ট হয়ে উঠেছে, সে বিষয়ে আলোচনা করো। ৬+৮=১৪

৮। দেশভাগের রাজনৈতিক পটভূমি সংক্ষেপে আলোচনা করো। বাংলা কথাসাহিত্যে দেশভাগের যে প্রতিচ্ছবি ফুটে উঠেছে, সে বিষয়ে আলোচনা করো। ৪+১০=১৪

ঙ—গুচ্ছ

৯। বাংলায় গ্রুপ থিয়েটার কবে উদ্ভূত হয়েছিল? প্রথম গ্রুপ থিয়েটার কোনটি? গ্রুপ থিয়েটারকে 'নাট্য আন্দোলন' বলবার যৌক্তিকতা কী? 'গণনাট্য' ও 'গ্রুপ থিয়েটার' আন্দোলন দুটির নাট্য আদর্শগত সাদৃশ্য ও স্বাতন্ত্র্য বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১+১+৩+৯=১৪

১০। হাংরি জেনারেশন আন্দোলনের দুজন প্রবক্তার নাম লেখো। হাংরি লেখকদের সাহিত্যিক আদর্শ ও সাহিত্যকৃতি বিষয়ে সংক্ষেপে আলোকপাত করো। ২+১২=১৪

★★★